

ৰহমান ৰহীম আল্লাহ্‌ তায়াল্লাৰ নামে

- ১০২-১ অধিক (সম্পদ) লাভের প্রতিযোগিতা তোমাদের গাফেল করে রেখেছে,
- ১০২-২ এমনি করেই (ধীরে ধীরে) তোমরা কবরের কাছে গিয়ে হাযির হবে;
- ১০২-৩ এমনিটি কখনো নয়, তোমরা অচিরেই জানতে পারবে,
- ১০২-৪ কখনো নয়, তোমরা অতি স্তুরই (এর পরিণাম) জানতে পারবে;
- ১০২-৫ (কতো ভালো হতো!) যদি তোমরা সঠিক জ্ঞান কি তা জানতে পারতে;
- ১০২-৬ অবশ্যই তোমরা (সেদিন) জাহান্নাম দেখবে,
- ১০২-৭ অতঃপর তোমরা অবশ্যই নিজ চোখে তা দেখতে পাবে,
- ১০২-৮ অতঃপর (আল্লাহ্‌ তায়াল্লাৰ অগণিত) নেয়ামত সম্পর্কে তোমাদের সেদিন ডিডেন্স করা হবে।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed

Al Quran Academi London